# উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

## ডিসেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোছাঃ মৌসুমী আক্তার
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ২৬/১২/২০২৩ খ্রি:।
সময়: দুপুর ১১:০০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। স্থায়ী কমিটির সভার বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিষয়ে আলোচনা।
৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচনা।
৬। নিরাপদ খাদ্য আইন বিষয়ে আলোচনা।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি জানান, গত ২৭ নভেম্বর, ২০২৩ তারিখে বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর এর মৃত্যুতে তিনি গভীরভাবে শোকাহত। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সভায় ১টি শোক প্রস্তাব উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলে কাহারোল উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মৃত মোঃ আব্দুল মালেক সরকার এর স্মরণে ১ মিনিট নিরবতা পালন করা হয় এবং দোয়া করা হয়।

সভাপতির অনুমতিক্রমে গত ০৯/১১/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এর প্রতিনিধি সভায় জানান, ডিসেম্বর, ২০২৩ মাসব্যাপী ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন চলমান রয়েছে। নিপাহ ভাইরাসের প্রাদূর্ভাব রোধকল্পে জনসচেতনতা কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া নরমাল ডেলিভারির সংখ্যা বাড়ানো ও স্বাস্থ্য বিষয়ক অন্যান্য সেবা যথানিয়মে অব্যাহত আছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | নিপা ভাইরাস বিষয়ে সকলকে সচেতন হওয়ার অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, রবি/২০২৩-২৪ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় বোরো ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উফশী ২৮০০ বিঘা জমির জন্য প্রতিজন কৃষক ৫ কেজি উফসী ধানের বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার হিসাবে ২৮০০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে।<br>এছাড়াও হাইব্রিড বোরো ধান প্রতিজন কৃষককে শুধুমাত্র ২ কেজি বোরো হাইব্রিড ধান বীজ বরাদ্দ হিসাবে মোট ২৮০০ জন কৃষকের মাঝে ৫৬০০ কেজি বোরো হাইব্রিড ধান বীজ বিতরণ করা | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। বর্তমানে রবি মৌসুমে বিভিন্ন ফসলের আবাদ চলমান। এ পর্যন্ত বিভিন্ন ফসলের অর্জিত জমির পরিমাণ নিম্নরূপঃ<br>আলু- ২৫০০ হেঃ, ভূট্টা- ৮১০০ হেঃ, পেঁয়াজ- ২৫ হেঃ, চারা পেঁয়াজ- ৪০ হেঃ, বোরো বীজতলা- ২১০ হেঃ, সরিষা- ১৮৯০ হেঃ, মরিচ- ৬০ হেঃ, রসুন- ৯৫ হেঃ, সূর্যমুখী- ১৬ হেঃ, শাকসবজি- ৫৫০ হেক্টর।<br>এছাড়া বর্তমানে মাঠের ফসলের অবস্থা ভাল মর্মে তিনি সভায় অবহিত করেন। | | |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের চিকিৎসা, কৃত্রিম প্রজনন, টিকাকরণ ও সম্প্রসারণমূলক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ক্ষুরারোগ নিয়ন্ত্রণে টিকা, উঠানবৈঠক, ফ্রি ভেটেরিনারী মেডিসিন ক্যাম্প অব্যাহত রয়েছে। সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এপিএ অর্জন সন্তোষজনক পর্যায়ে রয়েছে।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী মৎস্য আইন বাস্তবায়ন, মৎস্যচাষীদের পরামর্শ প্রদান, প্রদর্শনী নির্বাচন, অভয়াশ্রম, পেনে মাছ চাষ, খাঁচায় মাছ চাষ কার্যক্রম অব্যাহত আছে এবং জলাশয় নির্বাচন কাজ চলছে। মাঠ দিবস চলমান।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোন সমস্যা নাই।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তেলমাখা ব্রীজ ও জগন্নাথপুর ব্রীজের উভয় পাশে দূর্ঘটনা এড়াতে জমি অধিগ্রহণপূর্বক রাস্তা সোজা করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনায় তেলমাখা ব্রীজ ও জগন্নাথপুর ব্রীজের উভয় পাশে দূর্ঘটনা এড়াতে জমি অধিগ্রহণপূর্বক রাস্তা সোজা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, শতভাগ ভর্তি নিশ্চিতকরণে উপজেলার প্রতিটি বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকায় শিশু জরিপ সম্পন্ন হয়েছে। আগামী ১ জানুয়ারি, ২০২৪ তারিখে | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিটি বিদ্যালয়ে বই উৎসব পালন হবে। ইতোমধ্যে বরাদ্দকৃত বই পাওয়া গেছে এবং ১২০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে বই প্রদান করা হয়েছে। ভর্তিকৃত শিক্ষার্থীদের ইউনিক আইডির সফ্টওয়ারে এন্ট্রি কাজ চলমান রয়েছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, ২০২৪ এর ভোট কেন্দ্র ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। PEDP-4 এর আওতায় বরাদ্দকৃত ক্ষুদ্র মেরামতের কাজ চলমান এবং অতিদ্রুত কাজ সম্পন্ন হবে।<br>এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | | |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, বর্তমানে নব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নব নিয়োগপ্রাপ্ত সহকারি শিক্ষকদের (প্রাক-প্রাথমিক শিক্ষক) জন্য প্রাক-প্রাথমিক ইন্ডাকশন প্রশিক্ষণের ১ম ব্যাচের ২৫ জন শিক্ষকের প্রশিক্ষণ চলমান রয়েছে। আগামী ০৭/০১/২০২৪ তারিখের পরে অবশিষ্ট ২টি ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা হবে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, শীতবস্ত্র বিতরণের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী বিতরণের জন্য সকল জনপ্রতিনিধিদের অনুরোধ করা হয়। টিআর, কাবিখা, কাবিটা প্রকল্প বিধি মোতাবেক নির্ধারিত সময়ে সমাপ্ত করার জন্য সকল প্রকল্প বাস্তবায়ন কমিটিকে অনুরোধ জানান।<br>ইজিপিপি প্রকল্পের কাজ সঠিকভাবে এবং দৃষ্টিনন্দনভাবে করানোর জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক |

| | | | |
|---|---|---|---|
| | | | অফিসার |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার এর প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে।। খেলাপী ঋণ আদায় হয়েছে ৩৫,০০০/- টাকা এবং চলতি ঋণ আদায় হয়েছে ৩,৪৫,০০০/- টাকা।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় অগ্রগতির পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। ভোটকেন্দ্রে নিয়োজিত পিসি, এপিসিদের পর্যায়ক্রমে নির্বাচনী প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী প্রোগ্রামার-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর সভায় জানান, ঋণ আদায়, ঋণ বিতরণ ও সঞ্চয় আদায় এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। নতুন সদস্য অন্তর্ভুক্তির কার্যক্রম আপাতত বন্ধ রয়েছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, তাদের অফিস ভবন জরাজীর্ণ হওয়ার কারনে অফিসিয়াল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কিছুটা ব্যাঘাত বা ব্যাত্যয় হচ্ছে। তাই এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের সুদৃষ্টি কামনা করেন এবং নতুন অফিস ভবনে স্থানান্তর করার জন্য অনুরোধ করেন। | জরাজীর্ণ ভবন থেকে অন্যত্র অফিস স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাহারোল খাদ্য গুদাম সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাহারোলে খাদ্য গুদাম |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রী ট্রফি এর জন্য ৩টি নার্সারীর আবেদন পাওয়া যায়। যা যথাযথভাবে জেলা অফিস প্রেরণ করা হবে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |

| | | | |
|---|---|---|---|
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল জোন সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল জোনকে অনুরোধ করা হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, রোপা আমন ফসলের নমুনা কর্তন তালিকা, নভেম্বর/২০২৩ মাসের অ-প্রধান ফসলের প্রাক্কলিত হিসাব, নভেম্বর/২০২৩ মাসের মাসিক কৃষি মজুরীর পরিসংখ্যান বাস্তবায়িত হয়েছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের সূচকসমূহ ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণের অনুরোধ জানান। | উপজেলা পরিষদের সূচকসমূহ ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরকে (UDF) অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল<br>২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) |
| ২৮। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর। |
| ২৯। তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান, নভেম্বর/২০২৩ মাসে উঠান বৈঠকের মাধ্যমে ১০০ জন মহিলাকে সেবা প্রদান করা হয় এবং ডোর-টু-ডোর ৩৫০ জন ও তথ্যকেন্দ্রের মাধ্যমে ২০০ জন মহিলাকে সেবা প্রদান করা হয়।<br>এছাড়া তথ্যকেন্দ্রের সকল কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ৩০। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ৩১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হয় নাই। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য তাকে অনুরোধ করা হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩২। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |

**বিবিধ-০১**

**উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মাসিক ব্যয়ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ০৯/১১/২০২৩ হতে ২৬/১২/২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ব্যয় হয়েছে। তা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্র: নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | ১২-১১-২০২৩-বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাহারোল, দিনাজপুরকে জুলাই, ২০২৩ হতে অক্টোবর, ২০২৩ মাসের ভ্রমন ভাতা বিল | ৩২৫০০/- |
| ০২ | ১৫-১১-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে উপজেলা পরিষদের অক্টোবর,২০২৩ ও নভেম্বর, ২০২৩ মাসের ইন্টারনেট এর বিল বাবদ প্রদান | ৪৬০০/- |
| ০৩ | ১৫-১১-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য অগ্নিনির্বাপক অফিস যত্র ও অগ্নিনির্বাপকের গ্যাস বাবদ প্রদান | ১৮৪৫৭/- |
| ০৪ | ২০-১২-২০২৩-জনাব মাহফুজ আহমেদ,পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে নভেম্বর ২০২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৬৫০০/- |
| ০৫ | ২০-১২-২০২৩-জনাব রমিজ উদ্দীন,মালী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে নভেম্বর,২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৬৫০০/- |
| ০৬ | ২০-১২-২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে নভেম্বর, ২০২৩ মাসের ২৭ দিনের সম্মানী ভাতা প্রদান। | ৩৬,০০০/- |
| ০৭ | ২০-১২-২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ,কাহারোল.দিনাজপুরকে নভেম্বর, ২০২৩ মাসের ২৭ দিনের বাড়ী ভাড়া প্রদান। | ৪,৫০০/- |
| ০৮ | ২০-১২-২০২৩-জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে নভেম্বর/ ২০২৩ সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- |
| ০৯ | ২০-১২-২০২৩-জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে নভেম্বর,২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- |
| ১০ | ২০-১২-২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে নভেম্বর,২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ৩০০০০/- |
| ১১ | ২০-১২-২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে নভেম্বর,২৩ মাসের মনোহারী ব্যয় বাবদ | ৫০০০/- |
| ১২ | ২০-১২-২০২৩-জনাব মিঠুন চন্দ্র রায়, গ্রাম- নয়াবাদ, কাহারোল, দিনাজপুরকে নয়াবাদ মসজিদ ও বটতলী রাস্তা বৃষ্টির পানিতে ভেঙ্গে যাওয়ায় অপ্রত্যাশিত খাত হতে গর্ত ভরাট করণ বাবদ | ২৫,০০০/- |
| ১৩ | ২০-১২-২০২৩-জনাব এনামুল হক, মেসার্স মুকুল ষ্টোর, কাহারোল,দিনাজপুরকে অফিস সরঞ্জাম খাতে হতে টেলিফোন ক্রয় বাবদ | ২০,০০০/- |
| ১৪ | ২১/১২/২০২৩-মেসার্স কাহারোল ফিলিং স্টেশন, রামচন্দ্রপুর, কাহারোল,দিনাজপুরকে অক্টোবর,২০২৩ মাসের জ্বালানী বিল ব্যয় বাবদ প্রদান | ২৫.৪৬৮/- |
| ১৫ | ২১/১২/২০২৩-মেসার্স কাহারোল ফিলিং স্টেশন, রামচন্দ্রপুর, কাহারোল,দিনাজপুরকে নভেম্বর,২০২৩ মাসের জ্বালানী বিল ব্যয় বাবদ প্রদান | ২৫,৪৪৮/- |
| | মোট= | ৩,১৩,৯৫৩ /- |

০৯/১১/২০২৩ হতে ২৬/১২/২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মোট টাকা= ৩,১৩,৯৫৩/-/= (কথায়- তিন লক্ষ তেরো হাজার নয়শত তিপ্পান্ন) টাকা ব্যয় অনুমোদন করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.০৬.০৩২.২৩- ৫০ (৫০)

তারিখ: ২৫ পৌষ, ১৪৩০
০৯ জানুয়ারি,২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।

২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৬। জেলা প্রশাসক, দিনাজপুর।

৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।

৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।

৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।

১১। উপজেলা ............................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।

১২। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।

১৩। জনাব ........................................................................................

১৪। অফিস কপি।

০৯/০১/২০২৪

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd